



## নির্বাচনে কারচুপির আশঙ্কা নেই ন্যায়বিচারের বার্তা ইসির



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন জানিয়েছেন, আসন্ন নির্বাচনে আগের মতো সাজানো কোনো ব্যবস্থার পুনরাবৃত্তি হবে না। তিনি বলেন, নির্বাচন কমিশন ন্যায় ও আইনের ওপর দাঁড়িয়ে কাজ করছে এবং সব প্রার্থী সমান আচরণ পাবেন।

বৃহস্পতিবার সকালে নির্বাচন কমিশন সচিবালয়ে মনোনয়নপত্র সংক্রান্ত আপিল গ্রহণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন সিইসি। তিনি স্পষ্ট করেন, যেসব আপিল জমা পড়ছে, সেগুলো যাচাই করে আইনি প্রক্রিয়াতেই সিদ্ধান্ত নেওয়া হবে। স্বচ্ছতা ও সমান সুযোগ নিশ্চিত করাই কমিশনের মূল লক্ষ্য।

এদিকে মনোনয়ন বাতিল ও গ্রহণের বিরুদ্ধে আপিল করতে সকাল থেকেই বিভিন্ন জেলা থেকে প্রার্থীরা ইসিতে উপস্থিত হন। বৃহস্পতিবার পর্যন্ত ১৮টি আপিল আবেদন গ্রহণ করা হয়েছে। এই আবেদন জমার সময়সীমা শেষ হবে শুক্রবার।

নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ১০ থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত আপিল শুনানি চলবে। এর আগে গত তিন দিনে মোট ২৯৫টি আপিল আবেদন জমা পড়েছে।